



## প্রতিবন্ধকতা সত্ত্বেও নির্ধারিত তারিখে ঢাকসু নির্বাচন নিরাপদ ও সুষ্ঠু হবে: ঢাবি ভিসি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে যে কোনো প্রতিবন্ধকতা আসতে পারে—এটি মাথায় রেখে বিশ্ববিদ্যালয় ভোট আয়োজনের পথে এগিয়েছে। হাইকোর্টের স্থগিতাদেশের পর সুপ্রিম কোর্টের আদেশে ঘোষিত তারিখে ভোট আয়োজনে আর কোনো বাধা নেই।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সাংবাদিকদের বলেন, “ডাকসু ও হল সংসদ নির্বাচনে নানা প্রতিবন্ধকতা আসতে পারে—এটি আমাদের জানা ছিল। সেই সম্ভাব্য প্রতিবন্ধকতা সত্ত্বেও আমরা নির্বাচন কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছি। এই রিটও মূলত সেই প্রতিবন্ধকতা তৈরি করার চেষ্টা।”

ড. নিয়াজ আরও বলেন, “ভোট স্থগিতের রায় আসার পর বিশ্ববিদ্যালয় আপিল করেছে। সেই প্রেক্ষিতে ভোট স্থগিতের রায়ও স্থগিত হয়েছে। শিক্ষার্থীরা ঐক্যবদ্ধ থাকলে কোনো প্রতিবন্ধকতা তাদের প্রতিহত করতে পারবে না। সবাইকে অবাস্তর কথা না বলার আহ্বান জানাচ্ছি।”

এর আগে সোমবার দুপুরে হাইকোর্ট ডাকসু নির্বাচনের ওপর আগামী ৩০ অক্টোবর পর্যন্ত স্থগিতাদেশ দেন। আদালত নির্বাচনের প্রার্থী মনোনয়ন, বাছাই, চূড়ান্তকরণ এবং ভোটের প্রস্তুতি প্রক্রিয়া সম্পর্কেও তথ্য জানতে চেয়েছিল।

ঢাবি আইনজীবীরা হাইকোর্টের আদেশের বিরুদ্ধে চেম্বার আদালতে গেলে ঘন্টাখানেকের মধ্যেই সুপ্রিম কোর্টের চেম্বার বিভাগ স্থগিতাদেশ প্রদান করে। এর ফলে, ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ৯ সেপ্টেম্বর ভোট সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে।